(II) Emphasis upon support for single crop improvement and lack of integration of extension service with other agricultural inputs: Another criticism against the T&V is its concentration on the single function of crop improvement. It has given the wrong explanation with respect to the role of the extension staff. Extension function has been defined as giving technical advice to the farmers. Whereas it is argued that extension service must be closely integrated with input supply, credit, price incentive and marketing in case of small farmer programmes. This factor has, however, been overlooked by some of the designers of T&V (Howell, 1982, p. 11; and ODI, 1986, p. 8). This integration becomes essential when public sector controls the access to input supplies and credit, because it becomes very clumsy for the farmers to meet several sources of advice (Howell, 1982, p. 11). In addition, the whole issue of input supply is left in a state of uncertainty. Due attention is not given to the coordination of the

location and timing of input supplies with the recommendations of the extension service. The existing coordination arrangements seem to be inactive (Moore, 1984, p. 311). Hence, organisation of extension on a single function basis becomes a difficult job (Howell, 1982, p. 11).

(III) Some groups' interest ignored and monopolisation of advice among certain farmers: Another criticism levelled against T&V is with regard to the methods of making contact with the farmers by extension staff. First, the farmers' groups are composed with household heads for extension purpose and this composition is likely to overlook the problems of many farm families where much of the farming work is done by the youth and women (Howell, 1982, p. 12). Second, it is apprehended that contact farmers may not disseminate the information and knowledge gained to other farmers. Rather there is a strong possibility to monopolise advice and extension services by the contact farmers (Ibid, p. 12). The system assumes that there exists a socio-economic homogeneity among farmers and a degree of social cohesion (Ibid, p. 13).

(IV) High administrative costs: Another criticism concerns the involvement of high administrative costs in the introduction of T&V. It is argued, on the basis of the experience of Nigeria and Malaysia, that this system is very expensive and many developing countries are likely to face a crisis in respect of agricultural extension after the withdrawal of the donors where the system is funded under any donor-assisted project (Ibid, p. 13).

(V) A unified field service and a specialisation of agricultural extension under the T&V system demand a corresponding changes in administrative structure with massive modifications in the day-to-day operation of field level staff. These operations, on many occasions, are an outcome of long period of administrative evolution which is difficult to escape (Howell, 1982, p.13).

(VI) Lack of motivation among the extension people: The Indian experience suggests that in many states there exists the structure of T&V without sufficient change in the process of extension practices. Though the levels of agricultural knowledge of village extension workers have increased, there lies many problems: the extension workers do not work; training classes are not held; Subject Matter Specialists are posted disregarding their relevance in terms of specialisation; contact farmers and VEAs do not feel any necessity to meet each other for extension purpose; VEAs do not visit as per schedule; the contact farmers have failed to provide information to other farmers and in many cases they have found not aware of the fact that they are contact farmers (Moore, 1984, p. 310). Almost similar experience has been evident in Sri Lanka. Only a few farmers get benefit from the new system of extension. Those who receive benefit from this service do it so because of their outside influence and external contact. Only a few farmers have been able to make contact with the field level extension staff. Most of the field staff enjoy neither respect nor reputation from the farmers due to poor management and internal structure of agriculture department. Besides this, the operation of T&V system has been found so inefficient that farmers do not have any idea about the existence of "favoured group" of recipients let alone understand the structure of the new (T&V) system. The Villagers are not aware that they are contact farmers and they do not meet the field level extension staff. It is also reported that the majority of farmers have been found to gather extension knowledge not from the extension staff but from other sources like other farmers, news papers, radio and so on. One argument behind the failure of the new extension system in Sri Lanka is partly due to the faulty career structure which provides neither financial incentive nor adequate opportunity for upward movement among the field level extension staff (Slater, 1986).

(VIII) Creation of a new class of rich farmers: The Indian experience further suggests that the T&V system is supporting the emergence of a new class of rich farmers. One principle of T&V is that contact farmers should be of typical representative farmers in order to ensure that ordinary farmers do not face any obstruction in approaching them due to inferior complexity among them. But this principle has in many cases been betrayed. It is criticised that in India and elsewhere T&V system has become a big farmer-biased extension service (Moore, 1984, pp. 310-311). In Sri Lanka it is reported that only a few farmers get benefit from the new system of extension. Moreover, those who receive benefit from this service do it because of their outside influence and external contact (Slater, 1986).

(IX) Unsuitable to the dryland system: The Indian experience tells that the common prescriptions for all farmers is relevant to canal-irrigated areas. Those areas have, to some extent, uniformity in respect of cropping calendars, cropping patterns and the range of crops. But the dry land areas possess a wide range of diversity in this regard: for instance, divergent cropping patterns. This situation demands wide number of farming options and further research to find out appropriate methods. So, in the absence of development of new techniques through research, T&V practice is not appropriate for the dry land farming system (Moore, 1984, p. 311).

(X) Absence of any consistency with the varied needs of the environment: It is argued that the nature of extension service should be guided by different factors: ecology, cropping patterns, levels of institutional development, degree of farmers' literacy and access to media. In consideration of tremendous diversity of farming situations as exists in developing countries, for instance in India, the advocates of the reform in attempting to generalise their system throughout the country seem to have ignored some relatively axiomatic principles of extension (Moore, 1984, p. 312).

(XI) Disputed programme: In India T&V has become a disputed programme within the bureaucracy. A strong internal lobby among the top level staff of agriculture department has led to a widespread execution of T&V system throughout India. Material gains, for instance, larger budgets, vehicles, chances of promotion for a larger number of senior and middle-ranking staff and so on are the main factors behind this drive for widespread implementation of T&V (Moore, 1984, p. 312). The material opportunities are essential if they can serve in strengthening the general morale and job performance. But in India the importance of the even and equitable distribution of these opportunities have been disregarded. This level of inequality has resulted in an adverse effect on the morale of the field level extension agent. There exists a very weak link in the extension chain (Moore, 1984, pp. 312-313).

(XII) Authoritarian character of the programme: The setting and checking of targets has been adopted as the main formal mechanism of supervision. The recent research has identified that there lies an authoritarian and harsh fashion in the ways the targets are set and performance evaluated. Apart from this, it has been found counter-productive in that it forces the field workers to produce false reports. Instead of inculcating a sense of loyalty and commitment to the extension service, there has developed a sense of passivity, evasiveness and cynicism among field workers in respect of their work (Moore, 1984, p. 313). The experience of T&V in Sri Lanka also evinces the similar picture. In Sri Lanka, it has been observed that too much concentration is given on the achievements of paper targets disregarding the need for real management. As a result, extension has become a "book keeping affair" with overemphasis on report submission. On the contrary, the field level extension staff do not maintain adequate contact with the majority of the farmers. Apart from this, there are reports of blaming and counter-blaming among the senior extension staff and farmers. Senior extension staff view that the absence of

cooperation among the farmers, the different intellectual ability of farmers to disseminate information correctly and inadequate incentive are the main causes of poor information flow from the contact to follower farmers (Slater, 1986).

(XIII) Absence of link with research station: ODI argues that T&V cannot work effectively until there exists an active research programme. ODI further argues that T&V is organised to transfer technology, not to create it. However, T&V programme has been introduced in many places where research institutions are not sufficient to support the programme. So this situation demands pre-existing or concurrent donor investment in research activities as precondition for extension function (ODI, 1986, p.7). In India, for instance, extension service does not have links with research station (Moore, 1984, p. 310).

(XIV) The early experience of T&V in Bangladesh says that it suffers from a lot of problems: shortage of necessary agricultural inputs; absence of coordination among different agencies and organisations; selfishness among the contact farmers and their reluctance to pass on the information to other farmers; problems of making contact with farmers other than contact farmers; absence of appropriate rural institutions for development activities; and social conflict and village politics by vested interest groups. It is argued that all these problems have circumscribed the effective operation of T&V system in Bangladesh (Hossain, 1980, pp. 17-19).

POSITIVE IMPACT OF T&V

In the previous section, an attempt has been made to discuss the limitations of T&V system as experienced in many developing countries. Discussion may remain incomplete without throwing some light on the positive impact of T&V. Feder and Slade (1986) have assessed the impact of T&V in India and identified the following positive aspects:

(I) The study shows that at times there is a trend of biasness towards big farmers. However, the extent of this biasness does not

appear noticeable. Compared to the traditional system of extension, the performance of T&V shows more direct contact with farmers. The study also indicates that despite some flaws, it covers majority of the contact farmers on regular basis and a good number of non-contact farmers as well. Besides this, the findings of the study does not substantiate the argument that the T&V has atrophied leaving an empty structure and no improvement in the extension service (Feder and Slade, 1986, pp. 412-416).

(II) The study also refutes the contention that extension workers are not known by their clients, that contact farmers have shown failure in dissemination of required information to other farmers and they are not aware of the fact that they are contact farmers. Data of the study area suggest the contact farmers' awareness of an improvement in extension service. Moreover, they consider the T&V system beneficial. Likewise, a good number of non-contact farmers have expressed positive views about the new system of T&V (Ibid, p. 416).

(III) While ranking their important sources of information the vast majority of contact farmers have expressed their preference for direct advice from the field level extension workers (VEW) (Ibid, pp. 419-420).

(IV) The T&V system has created a tremendous increase in the rate of knowledge diffusion for different recommended practices for HYV crops. Such results correspond to the higher levels of extension activity. There has achieved a greater degree of direct interaction between extension workers and contact farmers. But the contact farmers do not represent the farming community and their higher knowledge diffusion may be attributed to other factors (Ibid, p. 420).

(V) The study has concluded that the T&V system has shown relatively much success in disseminating necessary information to farmers in comparison with the traditional system (Ibid, p.).

(VI) Another study (Halim and Ali, 1989) in Bangladesh reveals that there has been made some significant improvement through making some changes in the T&V system. The most important shortcoming of the T&V is the lack of contacting the farmers in a group situation. The technical content of T&V is linked up with the institutional framework of two-tier cooperatives of the Bangladesh Rural Development Board (BRDB) to overcome this deficiency of group approach. Bangladesh has adopted T&V system of extension in 1978 operated by the Department of Agriculture Extension (DAE). It has also adopted two-tier cooperatives under the supervision of the BRDB in the 70s. Both the systems are in operation all over the country to achieve the similar objectives: educating farmers about the improved farming practices; increasing yield and achieving self-sufficiency in food production for the development of rural situation. There are strong and weak features in both the approaches. The technical content of T&V system is stronger while BRDB provides a better institutional base and can provide the much needed "input support" to back extension advice. As both the approaches have some similarity in their objectives, a mutually supportive model was developed in 1983 in which the DAE could provide the technical message and the BRDB could provide farmers' organisational framework for diffusion of technology supported by the required inputs and credits. The new complementary work relationship established between DAE and BRDB was implemented as pilot programme in four upazilas of Bangladesh but gradually it has expanded in all other upazilas of the country (Halim and Ali, 1989, p. 1).

An evaluation has been conducted in the pilot areas to compare the performance of the DAE-BRDB linkage approach (group approach) with the T&V system in respect of the farmers' organisational knowledge, adoption of innovation and yield of boro-rice. The study shows that linkage contact farmers possess higher organisational knowledge than non-linkage contact farmers. It

means that the linkage approach is more educative than the non-linkage approach. The extent of the adoption of agricultural innovation by the linkage contact farmers are more than the non-linkage contact farmers. (Halim and Ali, 1989, pp. 9-10). In summary, this linkage has improved the working relationship between the frontline extension workers of DAE & BRDB. At the same time, farmers have also reaped some benefit out of this linkage increasing their level of knowledge in agriculture significantly. Apart from this, the linkage programme has left some positive effect on the adoption of innovation and per hectare production of boro paddy in the pilot upazilas (Ibid, pp-33).

CONCLUSION

The above discussion reveals that T&V has both strong and weak points. No system is absolutely free from demerits. Hence, it is, perhaps, unwise to desire an absolute perfection from the T&V in its achievements. Moreover, many arguments are based on mere apprehension which is not supported by any practical evidence. However, the experience of T&V tends to leave some lessons for future rectification.

First, it is submitted that the World Bank has tried to sell T&V as the universal extension system without taking into account the needs of particular situation in individual countries. This has happened due to two reasons: overenthusiasm and instinct to replicate the successful experience disregarding the limitations in introducing it in a new environment; and the inexperience of the World Bank in the early days (ODI, 1986, p. 8). In consideration of this fact, it is maintained that the principles on which T&V is based are not unchangeable. Instead, the implementation procedures need adaptations in different agricultural environment. The experience of one country with respect to the specialisation of tasks, the unified field service structure, organisation of contact farmers and farmer groups around schedules; demonstrations and visits should not be lifted as a system from one country to another

one (Howell, 1982, p. 17). Rather an individual country can develop an effective extension organisation by taking the relevant principles from the T&V (ODI, 1986, p. 9). The recent experience of Bangladesh in this respect rightly confirms this fact (Halim and Ali, 1989).

Second, it may be suggested that extension design needs to be characterised by an active collaboration between donor technicians and governments. There must be "a commitment to testing new system out on a pilot scale prior to national replication". This course of action is likely to reduce the chance of risk in introducing inappropriate system. There must also be a commitment on the part of the donors to provide support for 10 to 15 years in order to avoid uncertainty in respect of a new extension approach (ODI, 1986, p.9).

Third, T&V is not a panacea for all the problems of small farmer development. It is a set of elementary principles of management which is designed for organising, supervising and instructing a dispersed field staff. So it may be unreasonable to claim too much from the T&V. Seen from this perspective, success of T&V is quite considerable and more than what its critics claim (Howell, 1982, p. 16). However, the operation of the system is to be more effective since the deployment of resources is much higher than that of the old system.

Finally, despite its apparent success in information delivery and increase in farmers' knowledge, such success does not tell anything about some other vital issues: relevance of the technology already transferred, and profitability at the farm level (Feder and Slade, 1986). In addition, T&V has worked well in conditions of irrigated land settlement where there is a degree of supervision over farmers' production as well as fairly uniform pattern of farming. The fundamental challenge now is to develop a T&V system which can work equally well in marginally rain-fed areas where extension services are surrounded by manifold problems

different from the irrigated areas: greater distance, difficulty in categorising the functions, less availability of technology for farm improvement, and difficulty in organising the farmers (Howell, 1982, p. 16). These issues need serious investigation which demands further research.

At the end, it may be concluded that inspite of all the criticisms, the achievements of T&V far outweigh its weak points. Hence it can bring about effective transformation in agriculture if the developing countries allow to continue the system with continuous modifications and adaptations in view of the varied local needs.

REFERENCES

- Akinbode, A. "A Critical Analysis of the Management of Agricultural Extension in Nigeria," Agricultural Administration, Vol. 10, No. 1. 1982. pp.45-60.
- Benor, D. and Harrison, J.Q. Agricultural Extension: The Training and Visit System, Washington, World Bank, 1977.
- Blackenburg, P. Von. "Basic Concepts of Agricultural Extension in Developing Countries". Agricultural Administration, Vol. 10, No. 1. 1982. pp. 35-53.
- Feder, G. and Slade, R. "A Comparative Analysis of Some Aspects of the Training and Visit System of Agricultural Extension in India," Journal of Development Studies, 1986. pp. 407-426.
- Halim, Abdul and Ali, Md. Mozahar, Evaluation of Group Approach in T&V Extension, Graduate Training Institute, Bangladesh Agricultural University, Mymensingh, 1989.
- Hossain, Md. Amir, Observation Report on the Training and Visit System of Extension Work, Graduate Training Institute, Bangladesh Agricultural University, Mymensingh, 1980.
- Howell, J. Managing Agricultural Extension: The T&V System in Practice, ODI Discussion Paper, No. 8, 1982.

- Moore, M. "Institutional Development, the World Bank and Indian's New Agricultural Extension Programme" Journal of Development Studies, Vol. 20, No. 4, 1984 pp. 303-315.
- ODI, "Agricultural Extension and the World Bank," Agricultural Administration Network, News Letter 14, 1986, pp. 6-11.
- Slater, R.P. Agricultural Extension in Kurenegala District, Sri Lanka: Village Level Observations, Personal Notes, Department of Development Administration, ILGS, University of Birmingham 1986, pp. 155-159.

বিভিন্ন পদ্ধতির আওতায় আবাদকৃত বিআর ২০ ও বিআর ২১ জাতের আউশ ধানের ফলন ও স্থল প্রাপ্ত আয় নিরূপন—একটি খামার ভিত্তিক গবেষণা

এস. এম. কামরুল হাসান *

এ. কে. এম. জাকারিয়া **

এম. এ. রশিদ **

সার সংক্ষেপ

বাংলাদেশের অর্থনীতিতে আউশ ধানের গুরুত্ব বিশেষভাবে বিবেচনা করে ধান গবেষণা ইনস্টিটিউট হতে সম্প্রতি বিআর ২০ ও বিআর ২১ জাতের উচ্চ ফলনশীল আউশ ধানের বীজ উদ্ভাবন করা হয়। বিভিন্ন পদ্ধতিতে এ জাত দুইটির উৎপাদন পরীক্ষা করার জন্য প্রদশনী খামার, পরী উন্নয়ন একাডেমী, বগুড়াতে একটি পরীক্ষামূলক কর্মসূচী গ্রহণ করা হয়। পরিসংখ্যানিক পরীক্ষানুযায়ী দেখা যায় যে, বিআর ২০ জাতের উৎপাদন বিআর ২১ জাতের চেয়ে অর্থপূর্ণভাবে ভাল।

সূচনা

বাংলাদেশের ফসলী মৌসুমকে সাধারণতঃ আউশ, আমন, বোরো এই তিন শ্রেণীতে ভাগ করা হয়। এ তিন মৌসুমের মধ্যে সত্তরের দশকের পূর্বে কৃষকদের নিকট আউশ ও আমন ধান চাষাবাদ ছিল অত্যন্ত গুরুত্বপূর্ণ। সেচ সুবিধার সীমাবদ্ধতার জন্য বোরো ধানের চাষ এলাকা সীমাবদ্ধ ছিল। তাই বোরো চাষ কৃষকদের নিকট তেমন একটা গুরুত্ব পায়নি। আমন ধান চাষের সময় পর্যাপ্ত পরিমাণ বৃষ্টির পানি পাওয়ায় এ সময়ে ধান চাষের তেমন অসুবিধা হয় না। কিন্তু আউশ ধান সাধারণতঃ বৃষ্টির উপর নির্ভর করে চাষাবাদ করা হয় বিধায় যে বৎসর নিয়মিত বৃষ্টিপাত হয় সে বৎসর এর ফলন ভাল হয় আবার যে বৎসর তেমন বৃষ্টিপাত হয় না সে বৎসর ফলন হয় কম। অর্থাৎ অনিয়মিত বৃষ্টিপাতের জন্য আউশ ধান চাষে ঝুঁকির মাত্রা বেশী। সত্তরের দশক থেকে যখন সেচ সুবিধার উন্নতি হতে লাগল তখন কৃষকেরা আউশ ধান চাষে ঝুঁকি না নিয়ে সেচের আওতায় উফশী বোরো ধান চাষের দিকে ঝুঁকে পড়ল। আউশ ধান চাষ অনেকা বোরো চাষে কৃষকগণ তিন দিক থেকে সুবিধা পাচ্ছিল। প্রথমতঃ সেচ সুবিধা নিশ্চিত হওয়ায় উফশী জাতের বোরো ধান চাষে ঝুঁকি ছিল না, দ্বিতীয়তঃ আউশ ধানের কোন উফশী জাত না থাকায় উফশী জাতের বোরো ধান থেকে তুলনামূলকভাবে বেশী ফলন পাওয়া যায় এবং তৃতীয়তঃ আউশ ধান কর্তনের পর এ জমিতে তুলনামূলকভাবে অনেক দেরীতে আমন চাষ করায় এর ফলন উল্লেখযোগ্যহারে কম হয় কিন্তু বোরো ধান চাষ করা জমিতে আমন ধান চাষে এ ধরনের সমস্যা হয় না। ফলে ফলন তেমন ব্যহত হয় না। এতে করে দিন দিন কৃষকগণ আউশ ধান চাষ কমিয়ে দিয়ে বেশী করে বোরো চাষ করতে লাগল। বাংলাদেশ পরিসংখ্যান বর্ষপত্র (১৯৮৯) থেকে দেখা যায় যে ১৯৭৩-৭৪ সালে যেখানে আউশ ধান চাষের আওতায় জমির

* লেখক একাডেমীর একজন উপ-পরিচালক।

** লেখকদ্বয় একাডেমীর সহকারী পরিচালক।

প্রবন্ধে আলোচিত মতামত লেখকদের ব্যক্তিগত।

পরিমান ছিল প্রায় ৭.৬ মিলিয়ন একর সেখানে ১৯৮৭-৮৮ সালে তা কমে গিয়ে ৬.৮ মিলিয়ন একরে দাঁড়িয়েছে। অপর দিকে ১৯৭৬-৭৮ সালে যেখানে বোরো ধানের চাষের আওতায় জমির পরিমাণ ছিল ২.৬ মিলিয়ন একর, সেখানে ১৯৮৭-৮৮ সালে এর পরিমান ৪.৮ মিলিয়ন একরে উন্নিত হয়েছে। উল্লেখ্য যে দেশী জাতের আউশ ও বোরো উভয় প্রকার ধানের চাষে জমির পরিমান কমেছে কিন্তু উফশী জাতের চাষে জমির পরিমান বাড়লেও আউশের অধীনে মোট জমির পরিমান কমছে। অতি সম্প্রতি বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, জয়দেবপুর, গাজীপুর, বৃষ্টি নির্ভর বিআর ২০ (নিয়ামত) ও বিআর ২১ (নিজামী) নামে ২টি উফশী জাতের আউশ ধান উদ্ভাবন করে। এ জাত দুইটির বিশেষ বৈশিষ্ট্য হলো প্রথমতঃ এগুলি উফশী জাত এবং দ্বিতীয়তঃ বৃষ্টির উপর নির্ভর করে এগুলো চাষাবাদ করা যায়। জাত দুটির ফলন বণ্ডা অঞ্চলে কেমন হয় তা পরীক্ষা করে দেখার জন্য পট্টী উন্নয়ন একাডেমী, বণ্ডা এর প্রদর্শনী খামারে ১৯৮৮-৮৯ সালের আউশ মৌসুমে পরীক্ষামূলকভাবে চাষ করা হয়। চাষাবাদের ফলে এর ফলন ও সুবিধা-অসুবিধা এখানে বিস্তারিত ভাবে আলোচনা করা হয়েছে।

উদ্দেশ্য

আউশ মৌসুমে বিআর ২০ ও বিআর ২১ জাতের ধান চাষে কোন জাতের কি ধরনের ফলন হয় এবং এর চাষে কি সুবিধা অসুবিধা আছে তা পরীক্ষা করে দেখাই এ গবেষণার উদ্দেশ্য। সার্বিক উদ্দেশ্যের প্রেক্ষিতে এর বিশেষ বিশেষ উদ্দেশ্য হলোঃ

ক) সেচ ও সেচবিহীন অবস্থায় জাত দুটির ফলনের মধ্যে তুলনা করা, এবং চাষে চাষে (সেচ ও সেচবিহীন অবস্থায় জাত দুটির স্থলপ্রাপ্ত আয়ের মধ্যে তুলনা করা।

গবেষণা পদ্ধতি

গবেষণার উদ্দেশ্যের সাথে সামঞ্জস্য রেখে বিভিন্ন কর্মকাণ্ডের আলোকে নিম্নবর্ণিত শিরোনামে আলোচনা করা হয়েছেঃ

পরিসংখ্যানিক নক্সা

বিআর ২০ ও বিআর ২১ জাত দুটির বপন ও রোপন পদ্ধতির ফলনের মধ্যে তুলনা করার জন্য বপন ও রোপন উভয় পদ্ধতিতে পাঁচটি Replication সহ Completely Randomised design অনুসরণ করা হয়। প্রতিটি Replication এর আওতায় ০.২৫ একর জমি নেয়া হয়।

জমি নির্বাচন

বিআর ২০ ও বিআর ২১ জাতের ধান চাষের জন্য পাশাপাশি ২টি জমি নির্বাচন করা হয়। এ জাত দুটি চাষের জন্য ২.৫০ একর করে মোট ৫.০০ একর জমি নির্বাচন করা হয়। এতে করে প্রতিটি জাতের সেচ ও সেচবিহীন অবস্থায় চাষের জন্য ১.২৫ একর করে জমি নেয়া হয়।

বীজ সংগ্রহ

বিআর ২০ ও বিআর ২১ জাতের আউশ ধানের ভিত্তি বীজ বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, বগুড়া থেকে ১৯৮৯ সালের মার্চ মাসে সংগ্রহ করা হয়।

বীজ তলা তৈরী

২.৫০ একর জমিতে সেচ প্রথায় চাষাবাদের জন্য প্রতিটি জাতের ১০কেজি করে মোট ২০ কেজি বীজ ধান নেয়া হয়। বীজ ধান প্রথমে ১কেজি ইউরিয়া মিশ্রিত ৪০ লিটার পানিতে ডুবিয়ে বাছাই করা হয়। বাছাইকৃত বীজ মার্চ (১৯৮৯) মাসের ১৯ তারিখে বীজতলায় ফেলা হয়। এবং ৩০দিন পর বীজ তলা থেকে চারা উঠিয়ে এপ্রিল মাসের ১৯ তারিখে জমিতে রোপন করা হয়। সেচবিহীন প্রথায় ঐ একই পদ্ধতি অনুসরণ করে বীজ বাছাই করা হয়।

রোপন ও বপনের সময় ও পদ্ধতিঃ জমিতে বীজ বপন ও চারা রোপন এপ্রিল (১৯৮৯) মাসের ১৯ তারিখে একসাথে করা হয়। বপন ও রোপনের জন্য বীজ তলাতে একই দিন বীজ ফেলা হলে তা ভালো হতো কিন্তু অবস্থার প্রেক্ষিতে রোপনের জন্য একমাস পূর্বে বীজতলায় চারা তৈরী করার জন্য বীজ বপন করা হয়। উভয় পদ্ধতিতে সারিতে বীজ বপন ও চারারোপন করা হয় যাতে করে উৎপাদনে সারিতে লাগানোর প্রভাব স্থির থাকে।

সার প্রয়োগ

সেচবিহীন জমি তৈরীর সময় বীজ বপনের পূর্বে প্রাথমিক মাত্রা হিসেবে একর প্রতি ৪৫ কেজি টিএসপি এবং ২০ কেজি এম পি রাসায়নিক সার ব্যবহার করা হয়। তা ছাড়া জমি চাষের সময় একর প্রতি ৪০০ কেজি গোবর সার ও প্রয়োগ করা হয়। ধানের ২৫ দিন বয়সের সময় একর প্রতি ২১ কেজি এবং ৫৫ দিন বয়সের সময় একর প্রতি ৪০ কেজি ইউরিয়া সার যথাক্রমে ১ম ও ২য় উপরি প্রয়োগ হিসেবে ছিটিয়ে ব্যবহার করা হয়েছে।

সেচ প্রথায় বীজতলা তৈরীর সময় বীজতলায় কোন জৈব ও অজৈব সার ব্যবহার করা হয়নি। ধানের চারার ১৫দিন বয়সের সময় বীজতলায় একর প্রতি ২৫ কেজি হিসেবে ইউরিয়া সার উপরি প্রয়োগ করা হয়। রোপনের জন্য জমি তৈরী করার সময় প্রাথমিক মাত্রা হিসেবে একর প্রতি ৫৬ কেজি টিএসপি এবং ২৮ কেজি এমপি সার ব্যবহার করা হয়। তাছাড়াও জমি তৈরীর সময় একর প্রতি ৪০০ কেজি পচা গোবর সার প্রয়োগ করা হয়। ধান রোপনের ২০ দিন ও ৪০ দিন পর যথাক্রমে একর প্রতি ৩০ কেজি ও ৪৫ কেজি হিসেবে ইউরিয়া সার ১ম ও ২য় উপরি প্রয়োগ করা হয়।

নিড়ানী ও পরিচর্যা

সেচবিহীন প্রথায় ধানের ২৪ দিন বয়সের সময় ১ম বার এবং ৫৪ দিন বয়সের সময় ২য় বার নিড়ানী দেয়ার মাধ্যমে জমির আগাছা দমন করা হয়। অনুরূপ ভাবে সেচ প্রথায় ধান রোপনের ১৯দিন ও ৩৯ দিন পর ১ম ও ২য় বার নিড়ানী দিয়ে জমির আগাছা দমন করা হয়। নিড়ানী দেয়ার পর ইউরিয়া উপরি প্রয়োগ করা হয়।

সেচ

সেচ বিহীন প্রথায় বৃষ্টির পর পরই জমি তৈরী করে বীজ বপন করা হয় তারপর স্বাভাবিক বৃষ্টিপাতের উপর নির্ভর করে এর চাষাবাদ করা হয়েছে। অন্যদিকে সেচ প্রথায় জমি তৈরী থেকে শুরু করে ধান পাকা পর্যন্ত প্রয়োজনীয় সেচ দেয়া হয়েছে।

পোকা মাকড় দমন

সেচ ও সেচবিহীন প্রথায় পোকামাকড় আক্রমণের তীব্রতা লক্ষ্য করে ধানের ৩৫ দিন বয়সের সময় ধানের মাজরা পোকা দমনের জন্য ডাইমেক্রন-১০০ এসসি ডরিউ একর প্রতি ৩৪০ মিলিঃ হিসেবে প্রয়োগ করে ঐ পোকা দমন করা হয়। সেচবিহীন প্রথায় পোকা-মাকড়ের উল্লেখযোগ্য উপদ্রব পরিলক্ষিত হয়নি। সেচ প্রথায় আবাদকৃত ধানের শীষ বের হবার সময় গান্ধি পোকার আক্রমণ পরিলক্ষিত হয় এবং এজন্য নগস ১০০ ইসি একর প্রতি ২৩০ মিলিঃ হিসেবে প্রয়োগের মাধ্যমে দমন করা হয়।

রোপন ও বপন পদ্ধতিতে বিআর২০ জাতটি ১০১ দিনে পরিপক্ব হয়। বিআর ২১ জাতটি রোপন ও বপন পদ্ধতিতে পরিপক্ব হতে মোট ১১০ দিন সময় লাগে। সেচ ও সেচবিহীন প্রথায় ধান পরিপক্ব হলে তা কাটা মাড়াই করা হয়।

ফলাফল ও বিশ্লেষণ

বিআর ২০ জাতের ফলন

সেচ ও সেচবিহীন প্রথায় বিআর ২০ জাতের ফলন সারণী-১ এ দেখানো হলো:

সারণী-১: সেচ ও সেচবিহীন প্রথায় বিআর২০ জাতের ফলন

পদ্ধতি	একর প্রতি গড় ফলন (কুইন্টাল)
সেচ	৯.০৭
সেচবিহীন	৪.৯৫
একর প্রতি ফলনের গড়-পরীক্ষার ফলাফল	১% স্তরে অর্থপূর্ণ পার্থক্য

সারণী -১ থেকে দেখা যায় যে সেচ ও সেচবিহীন প্রথায় বিআর২০ জাতের একর প্রতি গড় ফলন হয়েছে যথাক্রমে ৯.০৭ কুইন্টাল ও ৪.৯৫ কুইন্টাল। সেচ ও সেচবিহীন প্রথায় একর প্রতি গড় ফলনের মধ্যে পার্থক্য t-test অনুযায়ী ১% স্তরে অর্থপূর্ণ। অর্থাৎ সেচ প্রথার চেয়ে সেচবিহীন প্রথায় বিআর ২০ জাতের একর প্রতি গড় ফলন তুলনামূলকভাবে কম।

বিআর ২১ জাতের ফলন

সেচ ও সেচবিহীন প্রথায় বিআর ২১ জাতের ফলন সারণী-২ এ দেখানো হলোঃ

সারণী-২ঃ সেচ ও সেচবিহীন প্রথায় বিআর ২১ জাতের ফলন

পদ্ধতি	একর প্রতি গড় ফলন (কুইন্টাল)
সেচ	৭.১৪
সেচবিহীন	৩.৫৩
একর প্রতি ফলনের গড়	১% স্তরে অর্থপূর্ণ পার্থক্য
পরীক্ষার ফলাফল	

সারণী-২ হতে দেখা যায় যে সেচ ও সেচবিহীন প্রথায় বিআর ২১ জাতের একর প্রতি গড় ফলন হয়েছে যথাক্রমে ৭.১৪ কুইন্টাল এবং ৩.৫৩ কুইন্টাল। সেচ ও সেচবিহীন চাষাবাদে একর প্রতি গড় ফলনের মধ্যে পার্থক্য t-test অনুযায়ী ১% স্তরে অর্থপূর্ণ। অর্থাৎ সেচ প্রথার চেয়ে সেচবিহীন প্রথায় বিআর ২১ জাতের একর প্রতি গড় ফলন কম।

বিআর-২০ ও বিআর ২১ জাতের ফলনের তুলনা

সারণী-৩ সেচ প্রথায় বিআর ২০ ও বিআর ২১ জাতের ফলন

জাত	একর প্রতি গড় ফলন (কুইন্টাল)
বিআর ২০	৯.০৭
বিআর ২১	৭.১৪
একর প্রতি ফলনের গড়	১% স্তরে অর্থপূর্ণ পার্থক্য
পরীক্ষার ফলাফল	

সারণী-৩ হতে দেখা যায় যে সেচ প্রথায় বিআর ২০ ও বিআর ২১ জাতের একর প্রতি গড় ফলন হয়েছে যথাক্রমে ৯.০৭ কুইন্টাল ও ৭.১৪ কুইন্টাল। বিআর ২০ ও বিআর ২১ জাতের একর প্রতি গড় ফলনের মধ্যে পার্থক্য t-test অনুযায়ী ১% স্তরে অর্থপূর্ণ। অর্থাৎ বিআর ২১ জাতের একর প্রতি গড় ফলনের চেয়ে বিআর ২০ জাতের ফলন বেশী।

সেচ বিহীন প্রথায় বিআর ২০ ও বিআর ২১ জাতের ফলনের তুলনা

সারণী-৪: সেচবিহীন বিআর ২০ ও বিআর ২১ জাতের ফলন

জাত	একর প্রতি গড় ফলন (কুইন্টাল)
বিআর ২০	৪.৯৫
বিআর ২১	৩.৫৩
একর প্রতি ফলনের গড়	১% স্তরে অর্থপূর্ণ পার্থক্য
পরীক্ষার ফলাফল	

সারণী-৪ হতে দেখা যায় যে সেচবিহীন প্রথায় বিআর ২০ ও বিআর ২১ জাতের একর প্রতি গড় ফলন হয়েছে যথাক্রমে ৪.৯৫ কুইন্টাল এবং ৩.৫৩ কুইন্টাল। বিআর ২০ ও বিআর ২১ জাতের একর প্রতি গড় ফলনের মধ্যে পার্থক্য t-test অনুযায়ী ১% স্তরে অর্থপূর্ণ। অর্থাৎ বিআর ২১ জাতের একর প্রতি গড় ফলনের চেয়ে বিআর ২০ জাতের গড় ফলন বেশী।

সেচ ও সেচবিহীন প্রথায় চাষ করা আউশ ধানের বিআর ২০ ও বিআর ২১ জাতের ফলন সংক্রান্ত উপরের বর্ণিত অনুচ্ছেদের আলোচনায় দেখা যায় যে উভয় জাত সেচ-বিহীন আবাদের চেয়ে সেচের আওতায় আবাদে তুলনামূলকভাবে অধিক ফলন দিয়েছে। অর্থাৎ সেচবিহীন প্রথার চেয়ে সেচ প্রথায় ফলন বেশী হয়েছে। কারণ মাটিতে পর্যাপ্ত আদ্রতা থাকলে গাছ মাটি হতে প্রয়োজনীয় পরিমাণ খাদ্য সহজেই সংগ্রহ করতে পারে ফলে গাছের কার্যকরী কুশির সংখ্যা বেশী হয় যা ফলন বৃদ্ধিতে সহায়ক হয়।

আবার বিআর ২০ ও বিআর ২১ জাতের মধ্যে তুলনামূলকভাবে বিআর ২০ জাতের ফলন বেশী হয়েছে। এ বেশী ফলনের কারণ হিসেবে বিআর ২০ জাতের বীজের অধিক ফলনের গুণাবলী বিবেচনা করা যেতে পারে।

আউশ ধান উৎপাদনের স্থূল প্রাপ্ত আয়ের তুলনা

আউশ ধানের আয় নিরূপনের সময় বাজার মূল্য ধরে ধানের আয় নিরূপন করা হয়েছে। খড়গুলি বৃষ্টির জন্য শুকানো সম্ভব হয়নি বিধায় পচে গিয়েছে। তাই আয় নিরূপনের সময় খড়ের মূল্য যোগ করা হয়নি। (পরিশিষ্ট-ক)

আউশ ধান চাষে পরিবর্তনশীল যাবতীয় খরচ যেমন বীজের মূল্য, শ্রমিকের পারিশ্রমিক, জমি চাষের খরচ, সার ও কীটনাশক ঔষধের মূল্য ইত্যাদি যোগ করা হয়েছে (পরিশিষ্ট-ক)। তারপর আয় থেকে পরিবর্তনশীল খরচ বাদ দিয়ে স্থূল-প্রাপ্ত আয় (Gross-Margin) নিরূপন করা হয়েছে যা নীচের সারণী-৫ এ দেখানো হলো।

সারণী-৫ সেচ ও সেচবিহীন প্রথায় বিআর ২০ ও বিআর ২১ জাতের আউশ ধান চাষের স্থূল প্রাপ্ত হয়

সেচ প্রথায় প্রতি একরে					সেচ বিহীন প্রথায় প্রতি একরে			
জাতের নাম	উৎপাদন (কুইন্টাল)	আয় (টাকা)	ব্যয় (টাকা)	স্থূলপ্রাপ্ত আয় (টাকা)	উৎপাদন (কুইন্টাল)	আয় (টাকা)	ব্যয় (টাকা)	স্থূল প্রাপ্ত আয় (টাকা)
বিআর ২০	৯.০৭	৪, ৫৯৫.০০	৩,০৩৫.০০	১৫৬০/-	৪.৯৪	২৫০৮/-	২,৫৩৩/-	(-২৫)
বিআর ২১	৭.১৪	৩,৬৭১.০০	৩,৭৩৫/-	৫৮২/-	৩.৫৩	১৭৮৮/-	২,৫৩৩/-	(-৭৪৫)

সারণী-৫ হতে দেখা যায় যে সেচ প্রথায় বিআর ২০ ও বিআর ২১ জাতের একর প্রতি গড় স্থূল-প্রাপ্ত আয় যথাক্রমে ১,৫৬০.০০ টাকা এবং ৫৮২.০০ টাকা। সেচ প্রথায় বিআর ২০ ও বিআর ২১ জাতের একর প্রতি গড় স্থূল প্রাপ্ত আয়ের মধ্যে পার্থক্য t-test অনুযায়ী ১% স্তরে অর্থপূর্ণ। অর্থাৎ বিআর ২১ জাতের একর প্রতি গড় স্থূল প্রাপ্ত আয়ের চেয়ে বিআর ২০ জাতের স্থূল প্রাপ্ত আয় বেশী। আবার সেচবিহীন অবস্থায় দেখা যায় যে বিআর ২০ ও বিআর ২১ উভয় জাতের গড় একর প্রতি স্থূল প্রাপ্ত আয় ঋণাত্মক। অর্থাৎ সেচবিহীন অবস্থায় জাত দু'টির চাষ করা অলাভজনক।

উপরের স্থূল প্রাপ্ত আয়ের বিশ্লেষণ মূলক আলোচনায় দেখা যায় যে সেচ প্রথায় বিআর ২১ জাতের চেয়ে বিআর ২০ জাতের স্থূল প্রাপ্ত আয় বেশী। কিন্তু সেচবিহীন প্রথায় উভয় জাতের স্থূল প্রাপ্ত আয় ঋণাত্মক। অর্থাৎ সেচ প্রথায় উভয় জাত লাভজনক হলেও বিআর ২১ জাতের চেয়ে বিআর ২০ জাতের চাষ করা তুলনামূলকভাবে বেশী লাভজনক। পরিশিষ্ট-ক অনুযায়ী দেখা যায় যে সেচ ও সেচবিহীন অবস্থায় মোট খরচে শ্রমিক খাতের খরচ যথাক্রমে ৪৬% ও ৫৯%। অর্থাৎ মোট খরচে শ্রমিক বাবদে সেচ প্রথায় অর্ধেকের কিছু কম ও সেচবিহীন প্রথায় অর্ধেকের কিছু বেশী। এখানে আয় ব্যয়ের হিসাবটি বাণিজ্যিক ভিত্তিতে চাষাবাদের আলোকে আলোচনা করা হয়েছে। তবে আমাদের দেশের কৃষকদের অবস্থার প্রেক্ষিতে বলা যায় যে কৃষকদের শ্রমের সুযোগ পরিব্যয় যথেষ্ট কম। তাই কৃষকগণ ইচ্ছা করলে তাদের পারিবারিক শ্রমকে বেশী বেশী নিয়োগ করে শ্রমিকের খাতে ব্যয়িক অর্থ কমাতে পারে এবং আউশ মৌসুমে জাত দু'টির চাষ করে লাভবান হতে পারে।

সারাংশ ও উপসংহার

সেচ ও সেচবিহীন প্রথায় ফলন হিসেবে উফশী জাতের আউশ ধান, বিআর ২০ ও বিআর ২১ জাত দুইটি নিঃসন্দেহে ভাল। জাত দু'টি চাষের জন্য ধান গবেষণা সমাচার জানুয়ারী-মার্চ ১৯৮৮ এর মাধ্যমে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট ঢাকা থেকে বৃহত্তর সিলেট, চট্টগ্রাম, কুমিল্লা, নোয়াখালি, রংপুর, পাবনা, টাঙ্গাইল ও ময়মনসিংহ জেলায় চাষাবাদের জন্য উপযোগী বলা হয়েছে। তবুও পরীক্ষামূলক ভাবে পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া এর প্রদর্শনী খামারে জাত

দু'টির চাষ করা হয়। ফলাফল ও বিশ্লেষণ সম্বলিত উপরোল্লিখিত আলোচনায় দেখা যায় যে সেচ প্রথায় যেমন বিআর ২০ ও বিআর ২১ জাতের মধ্যে বিআর ২০ জাতের ফলন বেশী হতে পারে, অনুরূপভাবে সেচবিহীন প্রথায় ও বিআর ২১ জাতের চেয়ে বিআর ২০ জাতের ফলন বেশী হতে পারে।

একর প্রতি গড় স্থূল প্রান্ত আয় হিসেবে সেচ প্রথায় জাত দুটি চাষ করা লাভজনক হলে ও সেচবিহীন প্রথায় আউশ মৌসুমে উভয় জাতের ধান চাষ আর্থিক দিক থেকে অলাভজনক হতে পারে। বর্তমান নিবন্ধটি এক বছরের ফলাফলের উপর ভিত্তি করে প্রনয়ন করা হয়েছে। এ বিষয়ে ভবিষ্যতে আরো পরীক্ষা-নিরীক্ষা করা যেতে পারে।

উৎসঃ বাংলাদেশ পরিসংখ্যান বর্ষগ্রন্থ ১৯৮৯।

পরিশিষ্ট - ক

সেচকৃত ও সেচ বিহীন অবস্থায় বিআর ২০ ও বিআর ২১ জাতের আউশ ধানের
স্থূল প্রাপ্ত আয় নিরূপন

খরচের খাত	একর প্রতি খরচ (টাকা)			
	বিআর ২০		বিআর ২১	
	সেচ	সেচবিহীন	সেচ	সেচবিহীন
১। উপকরণ ক্রয়ঃ	১৬৩৯	১০৩৮	১৬৩৯	১০৩৮
সার, বীজ, কীটনাশক ঔষধ ও সেচ	(৫৪%)	(৪১%)	(৫৪%)	(৪১%)
২। শ্রমিকঃ	১৩৯৬	১৪৯৫	১৩৯৬	১৪৯৫
(জমি তৈরী, রোপন বপন, নিড়ানী, কাটামাড়াই)	(৪৬%)	(৫৯%)	(৪৬%)	(৫৯%)
৩। মোট পরিবর্তনশীল খরচ	৩০৩৫	২৫৩৩	৩০৩৫	২৫৩৩
৪। আয় (ধান বিক্রয় বাবদ)	৪৫৯৫	২৫০৮	৩৬১৭	১৭৮৮
৫। স্থূল প্রাপ্ত আয়	১৫৬০	-২৫	৫৮২	-৭৪৫

* বন্ধনির সংখ্যাগুলি মোট পরিবর্তনশীল খরচের শতকরা হার।

পুস্তকপর্যালোচনা

ক্ষুদ্র সেচ প্রকল্পে পানি ব্যবস্থাপনা

প্রফেসর এম, আর, বিশ্বাস

‘ক্ষুদ্র সেচ প্রকল্পে পানি ব্যবস্থাপনা’ গ্রন্থটি বাংলা ভাষায় প্রযুক্তি চর্চার একটি উল্লেখযোগ্য সংযোজন। বইটির রচয়িতা প্রফেসর এম, আর, বিশ্বাস একজন প্রবীন প্রকৌশলী। জ্ঞান, বিজ্ঞান ও প্রযুক্তির ক্ষেত্রে অবাধ বিচরণ তার প্রত্যাহিক অভ্যাস। শিক্ষকতাকে তিনি পেশা হিসেবে বেছে নিয়েছেন। বর্তমানে তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের কৃষি প্রকৌশল অনুষদের সেচ ও পানি ব্যবস্থাপনা বিভাগে কর্মরত আছেন। সেই সুবাদে তার পক্ষে জ্ঞান-বিজ্ঞানের বিভিন্ন ক্ষেত্রে গভীর অধ্যয়ন, অনুসন্ধান ও অনুশীলন সম্ভব হয়েছে। ‘ক্ষুদ্র সেচ প্রকল্পে পানি ব্যবস্থাপনা’ গ্রন্থটি তার গভীর পাণ্ডিত্যের কথাই আমাদেরকে স্মরণ করিয়ে দেয়। মাতৃ ভাষায় বিজ্ঞান ও প্রযুক্তি চর্চা করে যারা অস্বাভাবিক হয়ে থাকবেন-তার মধ্যে প্রফেসর এম, আর, বিশ্বাস নিঃসন্দেহে অন্যতম। সর্বস্তরে মাতৃভাষা প্রতিষ্ঠা কর, তিনি এ শ্লোগানের যথার্থতা তার কর্মের মাধ্যমে প্রতিষ্ঠা করেছেন।

গ্রন্থটির পৃষ্ঠা সংখ্যা ১৬৫। প্রচ্ছদে অভিজ্ঞতার স্বাক্ষর রেখেছেন আনওয়ার ফারুকী। ছাপা বাকবাক্যে তকতকে। আগষ্ট, ১৯৮৭ সালে বইটি প্রকাশ হয়। প্রকাশক ন্যাশনাল ইনস্টিটিউট অব লোকাল গভর্নেন্ট। মুদ্রণে ভুল নেই বললেই চলে। বইটির মূল্য ১২৫ টাকা।

লেখক কুমিল্লার বড়ুয়া, ঢাকার ধামরাই ও জয়দেবপুর, যশোহরের কালিগঞ্জ, দিনাজপুরের পার্বতীপুর এবং রাজশাহীর প্রায় শতাধিক গভীর নলকূপ প্রকল্প এলাকার পানির সুষ্ঠু বন্টন জনিত সমস্যাবলী সরেজমিনে পর্যবেক্ষণ করতঃ তার সমাধানকল্পে এই নির্দেশনামা মূলক পুস্তিকা রচনা করার তাগিদ অনুভব করেন। বইটি সহজবোধ্য। যে কোন শিক্ষিত লোকের পক্ষেই পড়ে প্রয়োজনীয় জ্ঞান অর্জন করা সহজতর।

এ পুস্তকে মাটির ধর্ম (অনুপ্রবেশ, অনুস্রবন ও চূয়ানো), ভূমির ভাল, পানি সেচ, পানি নিষ্কাশন, সেচের পানির পরিমাপ, সেচ আওতাভুক্ত এলাকার নক্সা প্রণয়ন, পানি বন্টন পদ্ধতি, সেচ নালার নির্মাণ কৌশল, সেচ নিয়ন্ত্রণ কাঠামো, সেচনালা রক্ষণাবেক্ষণ, মেরামত ও পরিষ্কারকরণ, পাম্প এবং পানি বন্টনের বাহ্যিক ও সামাজিক প্রতিবন্ধকতাসমূহ খুব সুস্পষ্টভাবে আলোচনা করা হয়েছে। শুরুতে লেখক “ক্ষুদ্র সেচ প্রকল্প” বলতে সেই ব্যবস্থার কথা বলেছেন যা কৃষকদের দ্বারা পরিচালিত এমন একটি ব্যবস্থা, যেখানে, কৃষি উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে কৃষকেরা স্বল্প বিনিয়োগের মাধ্যমে একটি সহজ নমনীয় প্রযুক্তি ব্যবহার করে তাদের বিভিন্ন আকৃতি ও আয়তনের প্রুট সম্বলিত ক্ষুদ্র সেচ এলাকায় সুষ্ঠুভাবে পানি বন্টন করতে পারে।

বইটিকে মোট ২২টি পরিচ্ছেদে ভাগ করা হয়েছে। প্রথম পরিচ্ছেদে লেখক ক্ষুদ্র সেচ ব্যবস্থা পরিকল্পনায় অবশ্যকীয় বিষয়সমূহ অর্থাৎ প্রকল্পের মৌলিক উপাঙ্গ সংগ্রহের মাধ্যমে কারিগরী বিষয়ক পরিকল্পনা এবং কারিগরী নক্সা সম্পর্কে জ্ঞানগত আলোচনা করেছেন।

দ্বিতীয় ও তৃতীয় পরিচ্ছেদে মাটি কি, এর প্রকারভেদ, সেচের জন্য এর তাৎপর্য এবং বিভিন্ন প্রকার মাটিতে পানি অনুপ্রবেশ, অনুস্রবন ও পানি চ্যুতানো সম্বন্ধে বিশদ আলোচনা করা হয়েছে। অধ্যায়টি পাঠ করলে কোন ধরনের মাটিতে ফসল ফলানো সবচেয়ে উপযোগী সে সম্পর্কে সহজ ধারণা লাভ করা যায়।

পানির সৃষ্টি বন্টন এবং সেচ যন্ত্র স্থাপনের স্থান নির্ণয়ে ভূমির বন্ধুরতা বিষয়ক তথ্যাদি হলো প্রকল্প নক্সার পূর্বশর্ত। চতুর্থ ও পঞ্চম অধ্যায়ে এ বিষয়টির ব্যাপারে আলোকপাত করা হয়েছে। মৌজা ম্যাপ সংগ্রহ করে বিভিন্ন সমোচ্চ রেখা নির্ণয়ের মাধ্যমে সেচ এলাকার সবচেয়ে উঁচু স্থানে সেচ যন্ত্রটি বসানো এবং উঁচু থেকে ক্রমান্বয়ে নীচের দিকে সেচ নালার অবস্থান নির্ণয় করার কৌশলসমূহ এ অধ্যায় দুটিতে সুন্দর এবং সহজভাবে ব্যাখ্যা করা হয়েছে।

কৃষি ফসলের নিবিড়তা বৃদ্ধির পাশাপাশি উৎপাদন বৃদ্ধিতে উল্লেখযোগ্য অবদানের জন্য সেচ ব্যবস্থার প্রবর্তন ইতিমধ্যেই সকলের দৃষ্টি আকর্ষণ করেছে। বইটির ষষ্ঠ অধ্যায়ে সেচ পানির আবশ্যকতা নিয়ে বিস্তৃত আলোচনা করা হয়েছে। এ অধ্যায়ে বিভিন্ন প্রকার সেচ পদ্ধতি এবং সেই সাথে পানি অপচয়ের সম্ভাব্য পথসমূহ এবং এর প্রতিকারের সম্ভাব্য ব্যবস্থা ইত্যাদি বিষয় সন্নিবেশিত হয়েছে। এছাড়া কোন ধরনের ফসলে কি পরিমাণ পানির দরকার এবং তা কিভাবে নির্ণয় করতে হয় তার উদাহরণ এই পরিচ্ছেদে দেখিয়ে দেয়া হয়েছে।

সেচের পাশাপাশি সৃষ্টি পানি নিষ্কাশন সেচ ব্যবস্থাপনার একটি গুরুত্বপূর্ণ বিষয়। বইটির সপ্তম পরিচ্ছেদে পানি নিষ্কাশন কি, অতিরিক্ত পানির উৎস এবং অতিরিক্ত পানির প্রতিরোধ ও প্রতিকার ব্যবস্থা ইত্যাদি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে। পানির পরিমাপ ছাড়া সৃষ্টিভাবে পানি বন্টন ব্যবস্থা নিয়ন্ত্রণ করা কখনো সম্ভব নয়। লেখক বইটির অষ্টম পরিচ্ছেদে স্থির ও প্রবাহমান পানির পরিমাপের বিভিন্ন পদ্ধতি নিয়ে আলোচনা করেছেন।

বইটির নবম ও দশম পরিচ্ছেদে সেচ আওতাভুক্ত এলাকার নক্সা প্রণয়ন ও বিভিন্ন প্রকার পানি বন্টন পদ্ধতি বিষয়ে ব্যাপক আলোচনা করা হয়েছে। অধ্যায় দুটিতে লেখক পানি বন্টনে উন্মুক্ত নালার ও পলিভিনিল ক্লোরাইড উৎপাদিত পাইপ ব্যবহার করে ভূগর্ভস্থ সেচ ব্যবস্থার চুলচেরা বিশ্লেষণ করেছেন।

সেচের পানি কে ব্যবহার করবে, ব্যবস্থাপনা কমিটির সদস্যদের সামাজিক পরিচিতি, তাদের মধ্যে সম্পর্ক কি, পানি ব্যবহারকারী ও পানি সরবরাহকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের মধ্যে সম্পর্ক কি? এই সমস্ত উপাদানগুলো সেচ ব্যবস্থার কারিগরী ও অর্থনৈতিক বিষয়কে প্রভাবিত করে। একাদশ পরিচ্ছেদে উল্লিখিত বিষয়গুলো নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়েছে। দ্বাদশ থেকে পঞ্চদশ পরিচ্ছেদে কাচা সেচ খালের উপর মাটির বুনট ও কাঠামোর প্রভাব এবং সর্বোচ্চ

কার্যকরীতার জন্য সেচ নালার বিন্যাস ইত্যাদি বিষয়ে আলোচনা করা হয়েছে। বইটির চতুর্দশ অধ্যায়ে নালার নক্সা প্রনয়ণে বিবেচ্য বিষয়সমূহ যেমন, প্রবাহের পরিমাণ, অনুমোদিত গতিবেগ, পার্শ্বীয় ঢাল, সেচনালার তলদেশের ঢাল, অমসৃণতা সহগ ইত্যাদি এবং সেচনালার তলদেশ পার্শ্ববর্তী জমির পৃষ্ঠাদশ থেকে উপরে রাখা উচিৎ বিষয়গুলোর উপর বিস্তারিত ও পর্যায়ক্রমিক আলোচনা হয়েছে।

বইটির ষষ্ঠদশ পরিচ্ছেদে লেখচিত্রের সাহায্যে ক্ষুদ্র সেচ প্রকল্পে পানির প্রবাহ নিয়ন্ত্রণ করার জন্য নির্গমন-বাক্স, চুট (Chute), পতন কাঠামো (Drop), বিভাজন বাক্স (Division Box), চেক (Check), নির্গম মুখ (Turnout) ইত্যাদি কিভাবে ব্যবহার হয় সে সব বিষয় বিস্তারিত আলোচনা করে লেখক বইটির গুরুত্ব যথেষ্ট বৃদ্ধি করেছেন।

সেচনালায় প্রলেপনের মাধ্যমে পানির অপচয় অনেকাংশে কমিয়ে আনা সম্ভব। অস্থায়ী এবং স্থায়ী প্রলেপন যেমন, মাটি, মাটি-সিমেন্ট (৬ঃ১), মাটি-চুন-ভূষ (১ঃ১ঃ১), মাটি গোবর (১ঃ১), এঁটেল মাটি (২% বালি, ২৮% পলি, ৭০% কর্দম), এঁটেল মাটি-পাট, এঁটেল মাটি-বালি (৪ঃ১), মাটি-গোবর-ভূষ (১ঃ১ঃ১), এসফ্যাল্ট ম্যাট (আলকাতরায়ুক্ত চট), মাটি গাদানো, অর্ধবৃত্তাকৃতি টালি এবং কংক্রীট নালা ব্যবহার হয়ে থাকে। এ বিষয়ে বিভিন্ন গবেষণার ফলাফল নিয়ে জ্ঞানগর্ভ আলোচনা করা হয়েছে বইটির সপ্তদশ ও অষ্টাদশ পরিচ্ছেদে।

সেচনালার রক্ষণাবেক্ষণ, মেরামত ও পরিষ্কারকরণ ইত্যাদির গুরুত্ব ও কোন সময়ে কোন কাজটি করা উচিত এবং তা কিভাবে করতে হবে তা সুন্দর ও সহজ ভাবে আলোচিত হয়েছে বইটির ঊনবিংশ পরিচ্ছেদে।

সেচ এলাকায় প্রতিটি প্রটে প্রয়োজনে সঠিক পরিমাণ পানি সরবরাহ নিশ্চিত করার নিমিত্তে ব্লক সেচ ব্যবস্থার ধারণা জন্মায়। ব্লক সেচ পদ্ধতিতে আগুতাভুক্ত মোট জমিকে ৩-৬টি ব্লকে ভাগ করা হয়। বইটির বিশতম পরিচ্ছেদে উল্লেখিত পদ্ধতির সুবিধা এবং প্রতিটি ব্লকে কি পরিমাণ জমি থাকবে তা নির্ণয়ের পদ্ধতি নিয়ে লেখক বিস্তারিত আলোচনা করেছেন।

ক্ষুদ্র সেচ প্রকল্পে পানি উত্তোলনের জন্য পাম্প ব্যবহার হয়। এই পাম্পকে শক্তি যোগাতে একটি বৈদ্যুতিক মোটর বা ইঞ্জিন ব্যবহার করা হয়। এই মোটর বা ইঞ্জিনকে প্রাইম-মোভার বলে। কোন একটি পাম্প মিনিটে কতবার ঘুরবে, কত উচ্চতায় কাজ করবে, বা কতটুকু পানি উত্তোলিত করবে তা অনেকাংশে ইঞ্জিনের বা মোটরের উপর নির্ভর করে। এই কারণে ইঞ্জিন বা মোটরের সাথে পাম্পকে খাপ খাইয়ে নিতে হয়। লেখক পাম্প, ইঞ্জিন এবং মোটরের বিস্তারিত পরিচিতি এবং রক্ষণাবেক্ষণের নিয়মাবলী তুলে ধরেছেন বইটির একুশ ও বাইশতম পরিচ্ছেদে। এতে বইটি আরো সমৃদ্ধ হয়েছে বলে আমার বিশ্বাস।

পরিশেষে, বর্তমান বাংলাদেশের প্রেক্ষাপটে চিহ্নিত সমস্যাবলী যেমন ক্ষুদ্র সেচ যন্ত্রসমূহের সীমানা লঙ্ঘনের কারণে যত্রতত্র পানি উত্তোলন করা হচ্ছে। এর ফলে, ভূগর্ভস্থ পানির স্তরের উপর এবং পরিবেশের উপর যে বিরূপ প্রতিক্রিয়া পড়ছে তার আলোকে কোন সুপারিশমূলক আলোচনার ব্যবস্থা রাখলে বইটি আরো স্বয়ংসম্পূর্ণ হতো বলে আমি মনে করি। এ ছাড়া পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া কতৃক পরিচালিত ভূগর্ভস্থ পাইপ সেচ ব্যবস্থা বিষয়ক প্রায়োগিক গবেষণার ফলাফল সম্পর্কে বইটিতে কোনরূপ মন্তব্য করা হয়নি। বিষয়টি বইয়ের বিষয়বস্তুর সংগে সম্পর্কযুক্ত ও খুবই গুরুত্বপূর্ণ বিধায় আলোচনায় স্থান পাওয়া উচিত ছিল।

বইটি সার্বিকভাবে একটি মূল্যবান সম্পদ। এ বিষয়ের উপর বাংলা ভাষায় রচিত বইয়ের সংখ্যা খুবই অপ্রতুল। লেখকের এই পাণ্ডিত্যপূর্ণ লেখাটি মাতৃভাষায় বিজ্ঞান চর্চাকে সহজ করবে। বইটি ছাত্র, শিক্ষক, গবেষক এবং সম্প্রসারণ কর্মীগণ একটি নির্দেশ পুস্তিকা হিসাবে ব্যবহার করতে পারেন। আমি বইটির বহুল প্রচার কামনা করছি।

—প্রকৌশলী মোঃ মাহমুদ হোসেন খান